গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাউখালী, পিরোজপুর।

নম্বর- ০৫.১০.৭৯৪৭.০০০.০০৫.৩৮.০০৫.২৬.৫৮৫ তারিখঃ ২১/০৭/২০২৬ খ্রি.

## ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬ এর শুমারীকালীন কর্মসূচি বাস্তবায়নে তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার স্বেচ্ছাসেবী নিয়োজিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির আওতায় "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬ এর আলোকে দেশব্যাপী আগামী "১লা আগষ্ট ২০২৬ থেকে ১৪ সেপ্টেম্বর-২০২৬ পর্যন্ত শুমারি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে ফ্যামিলি কার্ড সম্পর্কিত তথ্য সংগ্রহের জন্য সম্পূর্ন অস্থায়ী ভিত্তিতে প্রয়োজনীয় সংখ্যক তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে শুধুমাত্র কাউখালী উপজেলায় বসবাসকারী নিম্নবর্ণিত শর্তে আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদ সংখ্যা | যোগ্যতা | অযোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|---|
| ০১ | তথ্য সংগ্রহকারী | ২৮টি | ১) ন্যূনতম এইচএসসি বা সমমান পাস<br>২) বয়স: ১৮-৪০ বছর (শুমারি তারিখে)<br>৩) ট্যাবলেট/স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+নম্বর<br>৪) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকা সম্পর্কে ভালো জ্ঞান<br>৫) বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম<br>৬) শারীরিকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত | ১) ফৌজধারি মামলায় দোষী সাব্যস্ত<br>২) সরকারি/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>৩) ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর<br>৪) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ১) নারী প্রার্থী ৫০%<br>২) স্নাতক বা তদূর্ধ্ব ডিগ্রীধারী<br>৩) পূর্বে বিবিএস জরিপে কাজের অভিজ্ঞতা | ক)জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন<br>খ)পাসপোর্ট সাইজের ২ কপি ছবি<br>গ) আবেদনকপিসহ সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কাগজপত্রাদি ২ সেট |
| ০২ | সুপারভাইজার | ০৩টি | ১) ন্যূনতম স্নাতক ডিগ্রী বা সমমান পাস<br>২) বয়স: ২৫-৪৫ বছর<br>৩) ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায় ৮০%+ নম্বর<br>৪) তথ্য সংগ্রহ এলাকার ভৌগোলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>৫) দলনেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা | ১) ফৌজধারি মামলায় দোষী সাব্যস্ত<br>২) সরকারি/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>৩) ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর<br>৪) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ১) প্রতিটি গণনা এরিয়া শারীরিকভাবে পরিদর্শন<br>২) প্রতিটি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-Check)<br>৩) সন্ধ্যার পর ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>৪) ট্যাবলেট চার্জ, ডেটা সিংক ও অ্যাপ আপডেট নিশ্চিত করা | ক)জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন<br>খ)পাসপোর্ট সাইজের ২ কপি ছবি<br>গ) আবেদনকপিসহ সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কাগজপত্রাদি ২ সেট |

**শর্তাবলীঃ-**

১। নির্ধারিত আবেদন ফরম উপজেলা সমাজসেবা কার্যালয়, কাউখালী থেকে সংগ্রহ করা যাবে। এছাড়াও উপজেলা সমাজসেবা কার্যালয়, কাউখালী ওয়েবসাইট (https://dss.kawkhali.pirojpur.gov.bd) থেকেও ডাউনলোড করা যাবে।

২। ট্যাবলেট/স্মার্টফোন পরিচালনার দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগনই আবেদন করতে পারবেন।

৩। তথ্য সংগ্রহের কাজে কোনো গাফলতি করা যাবে না।

৪। ট্যাবলেট সযত্নে ব্যবহার করতে হবে। অবহেলায় নষ্ট হলে ক্ষতিপূরণ প্রযোজ্য। শুমারি শেষে অক্ষতভাবে প্রত্যাবর্তন করতে হবে।

৫। কোনো পরিবারকে ফ্যামিলি কার্ড প্রাপ্তির প্রতিশ্রুতি দেওয়া সম্পূর্ন নিষিদ্ধ ও আইনত দন্ডনীয়।

৬। ইচ্ছাকৃত জালিয়াতির ক্ষেত্রে সন্মানী বাতিল ও আইনি ব্যবস্থা নেওয়া হবে।

৭। ভুল বা অসম্পূর্ন আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটিমাত্র পদে আবেদন করতে পারবেন।

৮। আবেদনকারীকে আগামী ২৫/০৭/২০২৬ তারিখ রোজ শনিবার বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি এবং পাসপোর্ট সাইজের রঙিন ছবিসহ নির্ধারিত আবেদন ফরম পুরন করে উপজেলা সমাজসেবা কার্যালয়, কাউখালী, পিরোজপুর এ জমা দিতে হবে।

৯। মৌখিক পরীক্ষা আগামী ২৬/০৭/২০২৬ তারিখ রোজ রবিবার সকাল ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে এবং পরীক্ষার রেজাল্ট ঐ দিন বিকাল ৩.৩০ ঘটিকায় প্রকাশ করা হবে।

১০। কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন, পরিবর্তন এবং পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষন করেন।

১১। নিয়োগ সংক্রান্ত গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ আসাদুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারি তথ্য সংগ্রহের জন্য
স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
কাউখালী, পিরোজপুর।



CamScanner